গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(সংস্থাপন শাখা)
www.bogra.gov.bd

নম্বর : ০৫.৫০.১০০০.০০৭.২৭.০০৩.২৪.৫৭৯

তারিখ : ০৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য অনুবিভাগের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা কোষের ২৭/১০/২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৩.১৫-১১৯ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়ার সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদ "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত বগুড়া জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (http://dcbogura.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |

## শর্তাবলি:

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বগুড়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩. জেলা প্রশাসক, বগুড়া বরাবর আবেদন করতে হবে।

৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৫. **লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

গ) পৌর প্রশাসক/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৬) বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকুরির জন্য আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd) এ প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর website (https://bffwt.gov.bd) তে প্রকাশিত সমন্বিত তালিকা এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রকাশিত টিআইএমএস এ প্রকাশিত বীর মুক্তিযোদ্ধার নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অথবা তার পূর্বে হতে হবে।

চ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ;<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ;<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ;<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ; | |

ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।

জ) প্রশিক্ষণের সনদপত্র।

ঝ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঞ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৬. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

৭. লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৮. প্রার্থীর বয়সসীমা বাংলাদেশ গেজেট নভেম্বর ১৮, ২০২৪ খ্রি. তারিখে প্রকাশিত সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণকল্পে প্রণীত অধ্যাদেশ অনুযায়ী ২৬/১২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৩/০৭/২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের সুপারিশের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

১০. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**১১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য অনুবিভাগের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা কোষের ২৭/১০/২০২৪ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৩.১৫-১১৯ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের শর্তসমূহের (ঝ) নং শর্ত মোতাবেক এ কার্যালয়ের ১৮/০৪/২০২৩ খ্রি. তারিখের ০৫.৫০.১০০০.০০৭.২৭.০০৩.২৩.৩৩৬ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত 'কম্পিউটার অপারেটর' পদের আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

১২. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৫. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬. <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি</u> :

ক. আগ্রহী প্রার্থীগণ http://dcbogura.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৬/১২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৬/০১/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫:০০ টা।
iii. উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk Pre-paid mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০ pixel × প্রস্থ ৩০০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান</u>: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে আবেদন ফি ২০০/-(দুইশত) টাকা+Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** DCBOGURA <space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DCBOGURA ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Tk. 223/- Will be Charged as application fee, Your PIN 12345678. To pay fee Type dcbogura <space>YES<space>PIN and send to 16222.
**দ্বিতীয় SMS:** DCBOGURA<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DCBOGURA YES 12345678 send to 16222

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCBOGURA Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx). দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন।

চ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু Teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID **জানা থাকলে:** DCBOGURA <space> Help <space> User <space> User ID send to 16222
Example: DCBOGURA Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN **জানা থাকলে:** DCBOGURA <space> Help <space> PIN <space> PIN NO & send to 16222.
Example: DCBOGURA Help PIN 12345678 & Send to 16222.

ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বগুড়া জেলার ওয়েবপোর্টাল www.bogra.gov.bd এবং http://dcbogura.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bogra.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ট) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dcbogura@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DCBOGURA, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**ঠ) ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

(হোসনা আফরোজা)
জেলা প্রশাসক
বগুড়া

নম্বর: ০৫.৫০.১০০০.০০৭.২৭.০০৩.২৪.৫৭৯/১(১২০)

তারিখ: ০৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
০৭. জেলা প্রশাসক, ......................................(বগুড়া ব্যতীত সকল)।
০৮. পুলিশ সুপার, বগুড়া ।
০৯. সিভিল সার্জন, বগুড়া।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া।
১১. উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
১৩. অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
১৪. উপজেলা নির্বাহী অফিসার,................................... (সকল), বগুড়া (বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।
১৫. প্রশাসক, বগুড়া/শেরপুর/ধুনট/নন্দীগ্রাম/কাহালু/শিবগঞ্জ/গাবতলী/সারিয়াকান্দি/সোনাতলা/দুপচাঁচিয়া/তালোড়া/সান্তাহার পৌরসভা, বগুড়া (বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।
১৬. নেজারত ডেপুটি কালেক্টর, বগুড়া (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৭. সহকারী কমিশনার (ভূমি),.................................. (সকল), বগুড়া (বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।
১৮. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা কার্যালয়, বগুড়া (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া।
২০. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
২১. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া।
২২. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বগুড়া।
২৩. পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, বগুড়া।

..........................................................................

..........................................................................

জেলা প্রশাসক
বগুড়া